LEARNING HEROES

একযোগে কাজ করার জন্য প্রস্তুত:

# একটি দৃঢ় শিক্ষা বছরের জন্য 5-টি ধারণা

আমাদের পারস্পরিক সহযোগিতা এবং আস্থা প্রয়োজন এবিষয়ে পিতামাতা এবং শিক্ষকগণ একমত। আসুন একযোগে এই সুসম্পর্ক গড়ে তুলি।



## 1 আপনার মতামতের প্রয়োজন আছে তা জানুন।

পিতামাতারা তাদের সন্তান কীভাবে অগ্রগতি অর্জন করছে সেবিষয়ে প্রকৃত তথ্য এবং একটি স্বচ্ছ ছবি চান। তাদের শিক্ষা সম্পর্কে আপনি কী লক্ষ্য করেছেন তা শেয়ার করুন এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে ভয় পাবেন না (এমনকি আপনার যদি কয়েকবার জিজ্ঞাসা করতে হয়, তবুও)। আপনার সাথে যোগাযোগ করার সবচেয়ে ভাল উপায় আপনার সন্তানের শিক্ষককে জানিয়ে দেবেন এবং শুধুমাত্র কনফারেন্সের সময়ই নয়, বরং পুরো বছর জুড়ে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য একটি পরিকল্পনা তৈরি করুন।




## 2 অগ্রগতি কতটুকু হয়েছে তা যাচাই করে নিন।

বছরের প্রারম্ভিক অংশটি হচ্ছে একটি পর্যালোচনা এবং নতুন উপকরণের মিশ্রণ। আপনার সন্তান তার নতুন গ্রেডের সফলতার জন্য প্রয়োজনীয় মুখ্য ম্যাথ এবং রিডিং দক্ষতা শিখেছে কিনা তা জানা গুরুত্বপূর্ণ। তা জানতে 'প্রস্তুতি যাচাই' (Readiness Check) ব্যবহার করুন এবং বাড়িতে এই দক্ষতাসমূহে সহায়তা করতে বিভিন্ন ভিডিও এবং কর্মকাণ্ডে সংযুক্ত হোন।




## 3 একটি সাধারণ পরিকল্পনা প্রস্তুতে দল গঠন করুন।

শিক্ষার্থীদের কোথায় সহায়তা প্রয়োজন তা শিক্ষকদের জানতে সহায়তা করতে বছরের শুরুতে 'বেঞ্চমার্ক' টেস্ট গ্রহণ করে। আপনার সন্তানের গ্রেড স্তরের দক্ষতা কীভাবে পরিমাপ করা হবে, কীভাবে তা ক্লাসরুমে শিক্ষা-নির্দেশনায় তথ্য জোগাবে এবং আপনি বাড়িতে কী করতে পারেন তা জিজ্ঞাসা করুন। শিক্ষক যেন মুখ্য দক্ষতাসমূহের প্রতি মনোনিবেশ বজায় রাখে এবং বাড়ি ও স্কুলে শিক্ষার সময় সর্বাধিক করে সেজন্য একটি পরিকল্পনা প্রস্তুত করুন।



## 4 আপনার সন্তানের অনুভূতির প্রতি গুরুত্ব দিন

আপনি বাড়িতে যেসব জীবন-দক্ষতা শেখান, যেমন সমস্যা-সমাধান, কঠোর পরিশ্রম, ও আত্মবিশ্বাস; আপনার সন্তানকে কঠিন সময় মোকাবিলা করতে সহায়তা করবে। আপনার সন্তানকে জিজ্ঞাসা করুন, নিজের সম্পর্কে, তার বন্ধু-বান্ধব সম্পর্কে এবং তার চারিপাশের বিশ্ব সম্পর্কে তার অনুভূতি কেমন। প্রয়োজন অনুযায়ী অনলাইনে এবং আপনার কমিউনিটিতে সহায়তা খুঁজে নিন।



## 5 স্মরণ রাখবেন, আপনি একজন লার্নিং হিরো!

বিগত কয়েক বছর আপনার সন্তানের জন্য আপনি রোল-মডেল হিসেবে অসাধারণ দৃঢ়তা প্রদর্শন করেছেন। বাড়িতে শেখার জন্য ধারণা পেতে অন্যান্য পিতামাতাকে জিজ্ঞাসা করুন এবং আপনার জন্য যা কাজ হয়েছে তা জিজ্ঞাসা করুন। আপনার সন্তানের আগ্রহের বিষয়সমূহ পাঠ করে পরিবার হিসেবে সংযুক্ত হোন। প্রাত্যহিক জীবনে গণিত (ম্যাথ) খুঁজে বের করুন। নিজের প্রতি যত্ন নিন এবং আপনার পারিবারিক সফলতা উদযাপন করুন।

NYC Department of Education FACE Office of Family and Community Empowerment

National PTA everychild.onevoice.

UNIVISION

ম্যাথ, রিডিং ও জীবন-দক্ষতাসমূহে সহায়তা পেতে বিনামূল্যে এবং সহজে ব্যবহারযোগ্য টুল-এর জন্য **BeaLearningHero.org** দেখুন।

T-34487 (Bangla)

34487_NYC_FACE_Ready-To-TeamUp_Flyer_Bangla.indd 1 8/31/2022 12:03:07 PM